

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩০৪৮

২৭/ আদব

পরিচ্ছেদঃ অনাথ-এতীম, কন্যা-সন্তান ও সমস্ত দুর্বল ও দরিদ্রের সঙ্গে নম্রতা, তাদের প্রতি দয়া ও তাদের সঙ্গে বিন্ম ব্যবহার করার গুরুত্ব

আববী

وَعَنهُ قَالَ: قَالَ رَسُوْلُ اللهِ عَلَيْ لَيْسَ المِسْكِينُ الَّذِي تَرَدُّهُ التَّمْرَةُ وَالتَّمْرَتَانِ وَلا اللَّقْمَةُ وَاللَّقْمَتَانِ إِنَّمَا المِسكِينُ الَّذِي يَتَعَقَّفُ مُتَّفَقٌ عَلَيهِ وَاللَّقْمَتَانِ إِنَّمَا المِسكِينُ الَّذِي يَعَفُوفُ عَلَيهِ وَفي رِوَايَةٍ في الصَّحِينِ لَيْسَ المِسكِينُ الَّذِي يَطُوفُ عَلَى النَّاسِ تَرُدُّهُ اللَّقْمَةُ واللَّقْمَتانِ وَالتَّمْرَةُ والتَّمْرَتَانِ وَلَكِنَّ المِسْكِينَ الَّذِي لاَ يَجِدُ غنى يُغْنِيه وَلاَ يُفْطَنُ بِهِ وَاللَّقْمَتانِ وَالتَّمْرَةُ والتَّمْرَةُ والتَّمْرَةُ النَّاسَ فَلَكِنَّ المِسْكِينَ الَّذِي لاَ يَجِدُ غنى يُغْنِيه وَلاَ يُفْطَنُ بِهِ فَيُسْأَلُ النَّاسَ

বাংলা

(৩০৪৮) উক্ত সাহাবী থেকেই বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, ''মিসকীন সে নয়, যাকে একটি খেজুর এবং দু'টি খেজুর এবং এক গ্রাস বা' দুগ্রাস (অন্ন) ফিরিয়ে দেয়। বরং মিসকীন তো ঐ ব্যক্তি, যে (অভাব থাকা সত্ত্বেও) চাওয়া থেকে দূরে থাকে।'' (বুখারী ৪৫৩৯, মুসলিম ২৪৪১)

অন্য এক বর্ণনায় আছে, "মিসকীন সে নয়, যে এক অথবা দু টুকরা খেজুর কিংবা এক অথবা দু মুঠো খানা পেয়ে বিদায় হয়ে যায়। কিন্তু মিসকীন হল সেই ব্যক্তি, যে প্রয়োজন মোতাবেক যথেষ্ট রুযীর মালিক নয় এবং সাধারণতঃ লোকে তাকে অভাবী বলে চিনতেও পারে না; যাতে তাকে দান করা যায়। আর সে নিজে উঠে লোকের কাছে চায়ও না।" (বুখারী ১৪৭৯, মুসলিম ২৪৪০) (অর্থাৎ, পেটে খিদে রেখে মুখে লাজ করে।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন